

নম্বর: ০৫.০০.০০০০.০০০.২৫২.২৫.০০০৪.২৫.১৩

তারিখ: ১১ আষাঢ় ১৪৩৩
২৫ জুন ২০২৬

বিজ্ঞপ্তি

বিষয়: ক্যাপস্টোন কোর্স ২০২৬/২ এ অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন সংক্রান্ত।

ন্যাশনাল ডিফেন্স কলেজের সার্বিক ব্যবস্থাপনায় জাতীয় নিরাপত্তা বাস্তবায়ন ও উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট সকল পর্যায়ের নীতিনির্ধারকদের জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ বিষয়ের উপর সমন্বিত ও সম্যক ধারণা প্রদানের জন্য আগামী ০২ আগস্ট ২০২৬ হতে ২০ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত ১৯ (উনিশ) দিনব্যাপী 'ক্যাপস্টোন কোর্স ২০২৬/২' অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী বিসিএস ক্যাডারভুক্ত সরকারের অতিরিক্ত সচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণকে <https://tinyurl.com/374b39y2> লিঙ্কে প্রাথমিক তথ্য দাখিল করে সংযুক্ত আবেদনপত্র ছক পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০/০৬/২০২৬ তারিখ (রবিবার) বিকাল ০৪.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-৪ শাখায় (সফট কপি cp-4@mopa.gov.bd-এ ই-মেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা।

সংযুক্তি:

(১) Capstone 26-2 Fellow Selected Ltr from AFD (2)

সংযুক্তি: ১ প্রস্থ সংযুক্ত।

২৫-০৬-২০২৬

মোঃ আতিক এস. বি. সান্তার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সিনিয়র সচিব/ সচিব (সকল) (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ)।
- ২। অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। যুগ্মসচিব, সিপি অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।

